



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা  
আইসিটি অপারেশন বিভাগ

ফোন : ০২-৯৫৫১১৬৮  
০২-৯৫৬০০২১-২৭৯  
ই-মেইলঃ dgmiectop@krishibank.org.bd

নং-প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০২০/১২৬

তারিখঃ ২১.০৮.২০১৯

ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

খোদারহাট শাখা

পটিয়া।

**বিষয়ঃ অফলাইন লাইভ অপারেশনে উন্নীত শাখা পুনরায় ম্যানুয়ালে প্রত্যাবর্তন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। আপনার শাখাকে অত্র বিভাগের ০২.০৫.২০১৯ তারিখের প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৮-২০১৯/৯৮৫ নং স্মারক মূলে ০৬.০৫.২০১৯ তারিখে অফলাইন লাইভ অপারেশনের তারিখ ধার্য করে ঋণ আদায়(আইটি) পরিপত্র নং-২/২০১২ তারিখঃ ০১.০৪.২০১২ এর আলোকে গঠিত কমিটি কর্তৃক লাইভ অপারেশনে আনয়ন করত লাইভ সার্টিফিকেট প্রদান করা হয়।
- ০৩। উপর্যুক্ত কার্যক্রম সম্পাদনের পর স্বাভাবিক নিয়মে আপনার শাখাটি অফলাইন লাইভে চলমান থাকার কথা থাকলেও অদ্য ২১.০৮.২০১৯ ইং তারিখ অত্র বিভাগ কর্তৃক দাপ্তরিক প্রয়োজনে ফোনলাপের প্রেক্ষিতে জানা যায় যে, আপনার শাখাটি লাইভ এর পর থেকে দৈনিক ভাউচার দৈনিক পোস্টিং দেয়ার কথা থাকলেও ভাউচার পোস্টিং ২৯.০৭.২০১৯ তারিখের পর বন্ধ রয়েছে। শাখাটি ৩০.০৭.২০১৯ তারিখ হতে পুনরায় ম্যানুয়াল ভাবে পরিচালিত হচ্ছে যা কোনক্রমেই কাম্য নয় এবং তা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক আটোমেশন সংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অন্তরায়। যেকোন মূল্যে শাখাটিকে দ্রুত ভাউচার পোস্টিং দিয়ে লাইভ কার্যক্রম চলমান রাখতে হবে।
- ০৪। এমতাবস্থায়, লাইভ অপারেশনে উন্নীত শাখা কোন প্রেক্ষিতে, কেন পুনরায় ম্যানুয়ালে প্রত্যাবর্তন করেছে এবং কেন এতদবিষয়ে অত্র বিভাগকে যথাসময়ে অবহিত করা হয়নি, সর্বোপরি আপনি এ বিষয়ে কেন কোনরূপ উদ্যোগ গ্রহণ করেননি, তার সুনির্দিষ্ট কারণ ব্যাখ্যা করতঃ আগামী ৩(তিন) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার পরামর্শ দেওয়া হলো। ব্যর্থতায় কর্তৃপক্ষের বরাবর আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


  
(মোহাম্মদ সালাহুউদ্দীন রাজীব)  
উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ২১-০৮-২০১৯

সূত্র নং-প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০২০/১২৬(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। পত্রটি অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, পটিয়া। লাইভ অপারেশনে উন্নীত শাখাটি পুনরায় ম্যানুয়ালি ফিরে আসায় ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। এ বিষয়ে আপনার অঞ্চলাধীন সংশ্লিষ্ট শাখাটিতে তদারকীর অভাব প্রতিফলিত হয়েছে। অবিলম্বে শাখা পরিদর্শনপূর্বক বর্ণিত বিষয়ে আপনার মতামতসহ গৃহীত পদক্ষেপ অত্র বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।
- ৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, পটিয়া।
- ৬। নথি।

  
(সাহা শংকর আসাদ)  
সহকারী মহাব্যবস্থাপক